

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্প-৩য়-পর্যায়
১৪৭/এফ, গ্রীণরোড, ঢাকা-১২০৫।

নং-৩৮.০১.০০০০.১৯০.১৮.০০৪.১৬-

তারিখ: ২৫/০৩/২০১৮

প্রজ্ঞাপন

প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্প (৩য় পর্যায়)-এর আওতায় সমগ্র দেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়, স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চালুকৃত ৬ষ্ঠ-৮ম শ্রেণি, মাধ্যমিক বিদ্যালয় সংযুক্ত প্রাথমিক বিদ্যালয় ও শিশু কল্যাণ ট্রাস্টের সকল শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান করা হয়। সমগ্র বাংলাদেশে উপবৃত্তির সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ২০১৭-১৮ অর্থবছর থেকে সিটি কর্পোরেশন ও পৌরসভার শিক্ষা প্রতিষ্ঠানকে উপবৃত্তির আওতাভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সংশোধিত ডিপিপি ও পরিপত্র অনুযায়ী সিটি কর্পোরেশন ও পৌরসভা এলাকায় শুধু প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত/নিয়ন্ত্রিত সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা উপবৃত্তির সুবিধাপ্রাপ্ত হবে। সিটি কর্পোরেশন ও পৌরসভার আওতাভুক্ত সকল পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয় যেহেতু প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত/নিয়ন্ত্রিত সেহেতু সকল পরীক্ষণ বিদ্যালয় জুলাই ২০১৭ হতে প্রকল্পভুক্ত বলে বিবেচিত হবে। এক্ষেত্রে উপবৃত্তি প্রদানে সুবিধাভোগী নির্বাচনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২০/০২/২০১৮ তারিখে ৩৮.০০.০০০০. ০০৯.১৪.০১৫.১৬-৩৭ নং স্মারকে জারিকৃত পরিপত্রের সকল নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

স্বাঃ

(ড. মহিউদ্দীন আহমেদ)
প্রকল্প পরিচালক(যুগ্ম-সচিব)
ফোন: ৯১১৩৫৯৫

নং-৩৮.০১.০০০০.১৯০.১৮.০০৪.১৬- ২৫৯

তারিখ: ২৫/০৩/২০১৮

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল :

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ-অতিরিক্ত সচিব, উন্নয়ন)
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), ৫ম তলা, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। থানা নির্বাহী অফিসার (সকল) | পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের পরিপত্রের
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) | আলোকে উপবৃত্তির তালিকাভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
- ৬। থানা শিক্ষা অফিসার (সকল) | অনুরোধ করা হলো।
- ৭। মনিটরিং অফিসার, প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্প (৩য়-পর্যায়), জেলা প্রাথমিক শিক্ষা অফিস (সকল)
- ৮। সংরক্ষণ নথি।



(ড. মহিউদ্দীন আহমেদ)
প্রকল্প পরিচালক